# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

**ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়**
Email: info.bscs@bb.org.bd

বিজ্ঞপ্তি নম্বর-৩৪০/২০২৬

তারিখ: ০৩ কার্তিক, ১৪৩৩ / ১৯ অক্টোবর, ২০২৬

**ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ৫টি ব্যাংক ও ২টি আর্থিক প্রতিষ্ঠানের এসিস্ট্যান্ট প্রোগ্রামার/সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট প্রোগ্রামার) (৯ম গ্রেড) (Job ID-25106) এর ৩৩টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় (MCQ ও লিখিত) পরীক্ষার কেন্দ্র, সময়সূচি, প্রশ্নপত্রের Content ও নম্বর বিভাজন সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

০১. ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ৫টি ব্যাংক ও ২টি আর্থিক প্রতিষ্ঠানের এসিস্ট্যান্ট প্রোগ্রামার/সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট প্রোগ্রামার) (৯ম গ্রেড) (Job ID-25106) এর ৩৩টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে এ সচিবালয়ের বিগত ০১/০১/২০২৬ তারিখের বিজ্ঞপ্তি নম্বর: ০৪/২০২৬ মোতাবেক আবেদনকারী প্রার্থীদের মধ্যে প্রবেশপত্র ডাউনলোডকারী ২৪৮২ জন প্রার্থীর (রোল নং- ৬০০০১ হতে ৬৩৩১০) ০১ ঘণ্টাব্যাপী MCQ পরীক্ষা ও ০২ ঘণ্টাব্যাপী লিখিত পরীক্ষা **আগামী ৩১/১০/২০২৬ তারিখ, শনিবার (সকাল ০৯:৩০টা হতে দুপুর ১২:৩০টা পর্যন্ত; মোট ৩ ঘন্টা) তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয় (Tejgaon Govt. High School), তেজগাঁও,** ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার প্রশ্নপত্রের Content ও নম্বর বিভাজন নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে:

**MCQ Test (Total Marks: 100)**

| Sl No. | Contents | Marks |
|---|---|---|
| 1. | Subjects Related | 75 |
| 2. | Mathematics | 15 |
| 3. | General Knowledge | 10 |
| | **Total Marks** | **100** |

**Written Exam (Total Marks: 200)**

| Sl No. | Contents | Marks |
|---|---|---|
| 1. | Subjects Related | 150 |
| 2. | Mathematics | 20 |
| 3. | English Language Proficiency | 30 |
| | **Total Marks** | **200** |

০২. MCQ Test এর ক্ষেত্রে প্রতিটি সঠিক উত্তরের জন্য ১.০০ নম্বর প্রদান এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।

০৩. প্রবেশপত্রের ডুপ্লিকেট কপি বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে (https://erecruitment.bb.org.bd) থেকে ডাউনলোড করা যাবে।

০৪. সুশৃঙ্খলভাবে কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ এবং চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য আবশ্যিকভাবে পরীক্ষা শুরুর কমপক্ষে ১ ঘন্টা পূর্বে পরীক্ষার্থীদেরকে কেন্দ্রে উপস্থিত হতে হবে। **সকাল ৯:১৫ -এর পর** কোনো পরীক্ষার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। এক্ষেত্রে বিলম্বে উপস্থিতির কোনো অজুহাতই গ্রহণযোগ্য হবে না।

০৫. প্রবেশপত্র (০১ কপি) ব্যতীত কোনো ধরণের কাগজ, বই, মানিব্যাগ, বোতল, মোবাইল ফোন, ক্যালকুলেটর, ইলেক্ট্রনিক কার্ড (স্মার্ট কার্ড, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা অনুরূপ অন্য কোনো কার্ড), ডিজিটাল/স্মার্ট ওয়াচ বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না। **পরীক্ষা চলাকালীন উল্লিখিত কোনো কিছু পাওয়া গেলে কিংবা কোনো ধরনের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর পরীক্ষা তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে।** প্রবেশপত্রে কোনোরূপ খসড়া বা কোনো কিছু লেখা যাবে না।

০৬. পরীক্ষার সময় পরীক্ষার্থীদের উভয় কান দৃশ্যমান রাখতে হবে।

**স্বাক্ষরিত/-**
(মিজানুর রহমান আকন)
পরিচালক (বিএসসিএস) ও
সদস্য-সচিব, বিএসসি